



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২০-৪৩৬২

তারিখ: ২১ আষাঢ়, ১৪২৭ বং
০৫ জুলাই, ২০২০ খ্রি:

২০২০ সনের জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন নবায়ন এবং জিপিএ উন্নয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জেডিসি পরীক্ষায় ০১ (এক) বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নবায়ন এবং ২০১৯ সালে কৃতকার্য নিয়মিত শিক্ষার্থীদের জিপিএ উন্নয়নের সুযোগ রয়েছে।

রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতি;


২০১৮ সেশনের শিক্ষার্থী ২০১৯ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) বিষয়ে অকৃতকার্য (৪র্থ বিষয় বাদে) হয়েছে তারা রেজি: নবায়ন সাপেক্ষে ২০২০ সালের সিলেবাস অনুযায়ী জেডিসি পরীক্ষায় উক্ত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

এক্ষেত্রে তাদেরকে মূল রেজিস্ট্রেশন কার্ড সহ রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর নামে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট সহ ৩০/০৯/২০২০ খ্রি: তারিখের মধ্যে বোর্ডে আবেদন করতে হবে।

জিপিএ উন্নয়ন সংক্রান্ত নিয়মাবলী;

কেবল ২০১৯ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০২০ সালের জেডিসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে; অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি চূড়ান্ত তালিকার সাথে জমা দিয়ে আগামী ৩০/০৯/২০২০ খ্রি: তারিখের মধ্যে তাদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে।

Help Line No- 01757291281, 01757291282, 01757291283


০৫.০৭.২০২০

(মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৯৬১২৮৫৮

স্মারক নং ৩৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২০-৪৩৬২

তারিখ: ০৫/০৭/২০২০ খ্রি:।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিঃ সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৫। সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
- ৬। সকল সেকশন অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অত্র বোর্ডের অধীনে স্বীকৃতি প্রাপ্ত/পাঠদান অনুমতি প্রাপ্ত সকল মাদ্রাসা প্রধানগণ।
- ৮। Help Line এর দায়িত্ব প্রাপ্ত সকল কর্মকর্তা।
- ৯। পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


০৫.০৭.২০২০

(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬৭৫৪০৩